

# কুবিতে ফের র্যাগিংয়ের অভিযোগে একটি ব্যাচের কার্যক্রম স্থগিত

কুবি প্রতিনিধি

২২ জুলাই ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেরসময়



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) লোক প্রশাসন বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সব ক্লাস-পরীক্ষা স্থগিত করা হয়েছে। গতকাল সোমবার বিষয়টি নিশ্চিত করেছেন লোক প্রশাসন বিভাগের প্রধান অধ্যাপক ড. মোসা. শামসুরাহার।

জানা যায়, গত ১৬ জুলাই লোক প্রশাসন বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের সঙ্গে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা পরিচয় পর্বের নামে অসৌজন্যমূলক আচরণ করেন। তখন বিশ্ববিদ্যালয়ের প্রষ্টরিয়াল প্রষ্টরিয়াল বিভিন্ন তিনজন উপস্থিত হয়ে হাতেনাতে ধরেন। বিষয়টি পরে বিভাগকে জানানো হয় প্রষ্টরিয়াল বডি থেকে। সেই পরিপ্রেক্ষিতে গতকাল লোক প্রশাসন বিভাগের ১৯১তম একাডেমিক মিটিংয়ে অভিযুক্ত ব্যাচের ক্লাস-পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত হয়েছে এবং তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর একটি চিঠি প্রদান করা হয়েছে।

এ বিষয়ে বিভাগটির প্রধান অধ্যাপক মোসা. শামসুরাহার বলেন, প্রষ্টরিয়াল বডি থেকে আমাদের কাছে একটি অভিযোগ এসেছিল ১৯ ব্যাচের সঙ্গে ১৮ ব্যাচ (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) অসৌজন্যমূলক আচরণ করেছে। আমি র্যাগিং শব্দটি বলছি না, কারণ প্রাথমিকভাবে আমরা বুঝতে পারিয়ে, ওদের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করা হয়েছে। দুই ব্যাচের শিক্ষার্থীদেরকেই আমরা ডেকেছিলাম। এ ছাড়া প্রশাসনকেও জানানো হয়েছে। প্রশাসনের সিদ্ধান্ত আসার আগ পর্যন্ত ১৮ ব্যাচের ক্লাস-পরীক্ষা স্থগিত থাকবে।

অসৌজন্যমূলক আচরণের ধরন জানতে চাইলে তিনি বলেন, ঘটনার সময় প্রষ্টরিয়াল বডি উপস্থিত ছিল। এটির ব্যাখ্যা উনারা ভালো দিতে পারবেন। সিনিয়র ব্যাচ হিসেবে পরিচয় হওয়া একটি বিষয়। কিন্তু সেখানে শুধু পরিচয় হওয়াটাতে সীমাবদ্ধ ছিল না। এ জন্য আমাদের একটা সিদ্ধান্ত নিতে হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রফেসর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম জানান, আমরা হাতেনাতে ধরে বিভাগকে জানাই। বিভাগ থেকে দ্রুত সিদ্ধান্ত নিয়েছে, এ জন্য ধন্যবাদ। বাকিটা প্রশাসন দেখবে। ‘অসৌজন্যমূলক আচরণ’-এর ব্যাখ্যায় তিনি বলেন, ‘এটাও এক ধরনের র্যাগিং।

এর আগে গত ১৭ জুলাই মার্কেটিং বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সাতজন এবং নৃবিজ্ঞান বিভাগের একই শিক্ষাবর্ষের পাঁচজন শিক্ষার্থীকে নবীন ব্যাচ অর্হাঙ্ক ২০২৪-২৫ বর্ষের শিক্ষার্থীদের রঃঃব্যাগ দেওয়ার অভিযোগে এক সেমিস্টারের জন্য বহিকার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।